জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা ।

website:www.janatabank-bd.com ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট
ফোনঃ ৯৫১৫৩০৬

নির্দেশ বিজ্ঞপ্তি- ৮০৫/২০১৮ তারিখঃ ২৭/০৩/২০১৮ খ্রীষ্টাব্দ
১৩ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এ্যান্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক,
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: **NEC MONEY TRANSFER LIMITED. UK** কর্তৃক প্রেরিত বৈদেশিক রেমিটেন্স Spot Cash এর মাধ্যমে পরিশোধ ব্যবস্থা চালু করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

আমাদের ব্যাংকের বৈদেশিক রেমিটেন্স ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে **NEC MONEY TRANSFER LIMITED. UK** এর সাথে Taka Drawing Arrangement (TDA) সম্পাদিত হয়েছে। এই চুক্তির আওতায় **NEC MONEY TRANSFER** কর্তৃক প্রেরিত বৈদেশিক রেমিটেন্স সমূহ (Account Credit) স্পীডি ফরেন রেমিটেন্স পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে জনতা ব্যাংক লিমিটেড এর সকল শাখায় পরিশোধিত হবে।

প্রযুক্তির অগ্রগতি ও সময়ের চাহিদার প্রেক্ষিতে **NEC MONEY TRANSFER** এর Web-based (Internet based) Software এর মাধ্যমে Cash রেমিটেন্সের অর্থ দ্রুত, নিরাপদ ও সহজে সকল শাখায় Spot Cash পদ্ধতির মাধ্যমে পরিশোধ করা হবে।

(ক) NEC MONEY TRANSFER LIMITED এর বৈশিষ্ট্য নিম্নরূপ ঃ-

১। **NEC MONEY TRANSFER LIMITED** এর **NEC** Payment System টি Web-based । Google Crome অথবা Mozilla Fire Fox এ https://speedcash.necmoney.com ব্রাউজ করে **NEC** Payment System থেকে Payment প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। এ পদ্ধতিতে প্রাপ্ত রেমিটেন্সের অর্থ প্রদানের জন্য গ্রাহকের ব্যাংক হিসাব থাকার বাধ্যবাধকতা নেই এবং সহজে ও স্বল্পতম সময়ের মধ্যে বৈদেশিক রেমিটেন্সের অর্থ নগদে পরিশোধ করা যাবে।

৩। উক্ত এক্সচেঞ্জ কোম্পানী থেকে রেমিটেন্স (Spot Cash) পাঠালে উক্ত কোম্পানী কর্তৃক রেমিটারকে ১৫(পনের) অংকের একটি Secret Number (শুরু হবে 777 দিয়ে) দেয়া হবে। রেমিটার **NEC MONEY TRANSFER LIMITED** থেকে প্রাপ্ত উক্ত Secret Number টি বাংলাদেশে তার প্রাপক/ উপকারভোগীকে জানাবে। প্রাপক প্রাপ্ত Secret Number এবং বৈধ পরিচয় পত্র নিয়ে ব্যাংকে উপস্থিত হলে প্রাপ্ত রেমিটেন্স ও উপকারভোগীর পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে শাখা রেমিটেন্সের অর্থ Spot Cash এর মাধ্যমে পরিশোধ করবে।

৪। **NEC MONEY TRANSFER LIMITED** এর Spot Cash Payment ব্যবস্থাটি Web-based System হওয়ায় রেমিটার কর্তৃক রেমিটেন্স প্রেরণের সাথে সাথেই রেমিটেন্সের অর্থ নগদে পরিশোধ করা যাবে।

চলমান পাতা-০২

(খ) NEC MONEY TRANSFER LIMITED এর আওতায় Spot Cash পরিশোধের ক্ষেত্রে পালনীয় নিয়মাবলী ঃ

০১। উপকারভোগী নিজে শাখায় উপস্থিত হয়ে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাকে রেমিটার কর্তৃক প্রদত্ত Secret Number অবহিত করবেন।

০২। শাখার ফরেন রেমিটেন্সের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা প্রাপক/উপকারভোগীকে একটি Receive Form প্রদান করবেন। উপকারভোগী Receive Form যথাযথভাবে পূরণ করবেন, যেমন: প্রাপকের (Receiver) নাম, ঠিকানা, মোবাইল নম্বর, আইডি টাইপ,আইডি নম্বর,অর্থের পরিমান, secret **Number, Purpose of Remittance**, প্রেরকের নাম, প্রেরনকারী দেশের নাম, টাকার পরিমান নির্দিষ্ট স্থানে লিখে স্বাক্ষর করবেন। ব্যাংক কর্মকর্তা ফর্মটি যথাযথভাবে পুরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করার পর নিশ্চিত হয়ে কম্পিউটারে Google Crome অথবা Mozilla Fire Fox এ https://speedcash.necmoney.com ব্রাউজ করে NEC Payment System এ Log In করে Search Window তে NEC MONEY TRANSFER LIMITED এর Secret Number encode করবেন এবং **সতর্কতার সাথে** ব্যাংক কর্মকর্তা প্রাপক কর্তৃক প্রদত্ত তথ্য ও secret Number হতে প্রাপ্ত তথ্য মিলিয়ে, প্রাপকের পরিচয় সম্পর্কে নিশ্চিত হবেন এবং অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সাথে সাথেই ভাউচার প্রিন্ট করতে হবে। যদি কোন কারনে ভাউচার প্রিন্ট না হয় তবে Duplicate ভাউচার প্রিন্ট করা যাবে । তবে Duplicate ভাউচার প্রিন্ট করতে হলে অবশ্যই শাখা ব্যবস্থাপকের অনুমতি গ্রহন করতে হবে। কোন অবস্থাতেই শাখা ব্যবস্থাপকের অনুমতি ছাড়া Duplicate ভাউচার প্রিন্ট করা যাবেনা। **Report দেখে Payout সম্পর্কে নিশ্চিত হয়ে ভাউচারে শাখা কর্মকর্তা ও প্রাপক স্বাক্ষর করবেন।** ভাউচারের ব্যাংক কপি শাখায় সংরক্ষণ করতে হবে এবং Customer কপিটি উপকারভোগীকে দিতে হবে। প্রতিটি কর্মদিবসের সর্বমোট Payout এর Report এর Print out নিতে হবে/SAVE করতে হবে এবং সর্বমোট Payout **এর** টাকার পরিমানের সাথে প্রাপ্ত রিপোর্টের টাকার পরিমান সমান আছে কিনা তা মিলিয়ে দেখতে হবে এবং রিপোর্ট শাখায় সংরক্ষণ করতে হবে। শাখার ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক NEC MONEY TRANSFER LIMITED হতে প্রাপ্ত ভাউচারে **Paid Date, Paying Branch** এবং **Report** দেখে পেমেন্ট সম্পর্কে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট সাসপেন্স ভাউচারে স্বাক্ষর করবেন।

<u>NEC MONEY TRANSFER LIMITED এর ক্ষেত্রে বিশেষ সতর্কতা</u> ঃ-

অন্যান্য Web-based Payment System এ Duplicate Voucher print নেয়ার ক্ষেত্রে Voucher এর উপর যেমন Duplicate অথবা Reprint লেখা থাকে NEC MONEY TRANSFER এর Voucher এর ক্ষেত্রেও Duplicate লেখা থাকবে। কোন কারনে NEC MONEY TRANSFER সহ সকল Web-based Payment এর ক্ষেত্রে যদি কখনও Duplicate Voucher print করার প্রয়োজন হয় তবে ব্যবস্থাপকের নির্দেশ গ্রহন সাপেক্ষে দ্বিতীয়বার Voucher প্রিন্ট করতে হবে এবং প্রিন্ট করার সাথে সাথে Voucher এর উপরে ব্যবস্থাপকের স্বাক্ষর গ্রহন করতে হবে। কেবলমাত্র ব্যবস্থাপকের স্বাক্ষর সম্বলিত Voucher (Duplicate print করা) এর মাধ্যমেই Suspense A/C Debit করে রেমিটেন্সের অর্থ পরিশোধ করা যাবে।

০৩। NEC MONEY TRANSFER LIMITED এর মাধ্যমে রেমিটেন্স পরিশোধের ক্ষেত্রে নিম্ন বর্ণিত পরিচয় পত্রগুলির যে কোন একটি বৈধ পরিচয় পত্র হিসেবে গণ্য হবে।

(ক) National Identity Card
(খ) Valid Passport
(গ) Valid Driving License
(ঘ) চাকুরিজীবির ফটো সম্বলিত (স্বাক্ষর সহ) পরিচয়পত্র
(ঙ) স্নাতক/সমমান বা তদুর্দ্ধ শ্রেনীর ছবি সম্বলিত স্বাক্ষর সহ স্টুডেন্ট **ID** (বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে)
(চ) শাখার সম্মানিত গ্রাহক কর্তৃক জন্মতারিখ, ফটো ও স্বাক্ষরসহ প্রত্যয়নপত্র
(ছ) ইউনিয়ন/উপজেলা চেয়ারম্যান, ওয়ার্ড কমিশনার, প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্মতারিখ, ফটো ও স্বাক্ষর সহ প্রত্যয়ন পত্র।

চলমান পাতা-০৩

উপকারভোগীর বৈধ পরিচয় পত্রের মূল কপি যাচাই করে যথাযথভাবে পরিচিতি সম্পর্কে নিশ্চিত হতে হবে এবং পরিচয় পত্রের স্বাক্ষরের সাথে উপকারভোগীর স্বাক্ষর মিলিয়ে দেখতে হবে এবং সিস্টেমে উপকারভোগীর মোবাইল নম্বর দেয়া থাকলে তা যাচাই করে দেখতে হবে। উপকারভোগীর বৈধ পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই Receive Form এর সাথে সংযুক্ত করে শাখায় সংরক্ষণ করতে হবে।

০৪। **NEC MONEY TRANSFER LIMITED** এর ক্ষেত্রে **দিলকুশা কর্পোরেট শাখা** নিয়ন্ত্রনকারী শাখা হিসেবে পুনর্ভরন (Reimbursement) কার্যক্রম পরিচালনা করবে।
দিলকুশা কর্পোরেট শাখার ই-মেইল: jbdil@janatabank-bd.com
ফোন: ০২- ৯৫৬০৮৮৪,৯৫৬০৯২৪, ৯৫৬০৫৯১
ঠিকানা ঃ ম্যানেজার, এনআরটিএ , জনতা ব্যাংক লিমিটেড , দিলকুশা কর্পোরেট শাখা, ২৯, দিলকুশা বা/এ, ঢাকা।

০৫। **NEC MONEY TRANSFER LIMITED** সংক্রান্ত যে কোন বিষয়ে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকায় যোগাযোগ করতে হবে; ফোন নম্বরঃ ৯৫১৩৯৪৫, ৯৫১৩৯৪৮, ৪৭১১৯১৫৮,॥ ৯৫১৫৩০৪-৬, ৪৭১১৬০৭৩, ৯৫৫০৩৭৮ পিএবিএক্স:০২-৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬৫০৪১-৪৫ বর্ধিত -৫৯৫,৫০৯, ৫২১, ৫১৮, ৫১৯। **NEC MONEY TRANSFER LIMITED** ঢাকা অফিসঃ জনাব শামীম আহমেদ ০১৬৭৫৮৮৩২৫৫, সুমাইয়া আক্তার ০১৬৮২৭০৬৯০৯, ৮৩৯৬৯৫২-৩, ৮৩৯৯৯৫০, ৮৩৯৯৯৬০, **Hotline - 09606887766**

০৬। রেমিটেন্সের অর্থ পরিশোধের ক্ষেত্রে কোন ধরনের গাফিলতি, অবহেলা, উপকারভোগীকে অহেতুক হয়রানী করা, বিলম্বে রেমিটেন্সের অর্থ পরিশোধ ইত্যাদি অভিযোগের জন্য সংশ্লিষ্ট শাখা দায়ী থাকবে। আরও নির্দেশ থাকে যে, যৌক্তিক কারন ছাড়া কোন অবস্থাতেই ফরেণ রেমিটেন্স এর উপকারভোগীকে ফেরৎ প্রদান করা যাবে না, তবে Payout সংক্রান্ত কোন অনিয়ম থাকলে বা Secret নাম্বারে ভুল থাকলে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট এর সাথে যোগাযোগ করে নিশ্চিত হয়ে তদানুযায়ী বেনিফিসিয়ারীকে পরামর্শ দিতে হবে।

০৭। Speedy Remittance ও Spot cash এর কার্যক্রম যে কম্পিউটারে সম্পন্ন করা হবে সেই কম্পিউটারটি অন্য যে কোন ধরনের অপব্যবহারের (অযাচিত ইন্টারনেট ব্রাউজিংসহ) ক্ষেত্রে সংশিষ্ট কর্মকর্তা / কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০৮। **নিয়ন্ত্রণকারী শাখা হিসেবে দিলকুশা কর্পোরেট শাখার কার্যক্রম ঃ**

কভার ফান্ড ও Settlementঃ NEC MONEY TRANSFER প্রতি দিনের কভার ফান্ড পূর্বেই তাদের NRFC হিসাবে প্রদান করবে। **উক্ত** কভার ফান্ড প্রাপ্তির পর নিয়ন্ত্রণকারী শাখা (দিলকুশা কর্পোরেট শাখা) **NEC MONEY TRANSFER LIMITED** এর NRT হিসাবে জমা করবে এবং **NEC** Payment System এ Update করবে। ডলার কনভার্শনের ক্ষেত্রে ঐ দিনের নির্ধারিত রেট অনুসরন করবে। প্রতিদিনের **Settlement** কার্যক্রম প্রতিদিনেই সম্পন্ন করতে হবে। এ বিষয়ে কোন সমস্যা হলে **NEC MONEY TRANSFER LIMITED** কর্তৃপক্ষের সাথে তাৎক্ষনিক যোগাযোগের মাধ্যমে দ্রুত সমাধান করতে হবে। যথাসময়ে **Settlement** কার্যক্রম **না করার কারনে** যে কোন ধরনের জটিলতা বিশেষত **কভার ফান্ড ঘাটতির জন্য দিলকুশা কর্পোরেট শাখা দায়ী থাকবে।**

Reconciliation : প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে Account Statement Exchange Company তে প্রেরণ করে Reconciliation কার্যক্রম মাসিক ভিত্তিতে সম্পন্ন করতে হবে। কোন অবস্থাতেই Reconciliation কার্যক্রম Pending রাখা যাবেনা।

০৯। **রি-ইমবার্সমেন্টঃ**
নিয়ন্ত্রণকারী শাখা **NEC MONEY TRANSFER LIMITED** এর Administrative user হিসেবে log-in করবে এবং ঐ দিনের শাখা ওয়ারী রেমিটেন্স পরিশোধের তালিকার Soft copy download করবে এবং Hard copy print নিবে। Download কৃত Soft copy দ্বারা Software Interface এর মাধ্যমে Advice generate করে বৈদেশিক রেমিটেন্স পরিশোধকারী শাখাকে প্রেরণ করার জন্য JB Remittance Payment System এ upload করবে । এ ধরনের এ্যাডভাইস ইস্যু করার ক্ষেত্রে কোন ধরণের বিলম্ব করা যাবে না।

চলমান পাতা-০৪

১০। **শাখা পর্যায়ে করণীয়ঃ-**

১০.১ **System হতে payout করার পূর্বে অবশ্যই রিসিভারের পরিচিতি সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হতে হবে** এবং Receive **ফরমে রিসিভার কর্তৃক প্রদত্ত তথ্য NEC MONEY TRANSFER LIMITED এ প্রদর্শিত তথ্যের সাথে মিলে কিনা-যাচাই করে নিতে হবে** এবং যথাযথভাবে নিশ্চিত হয়ে **"Paid now" Button এ Click** করতে হবে। কারন প্রক্রিয়াটি একবার সম্পন্ন হয়ে গেলে তা সিস্টেম থেকে কোন ক্রমেই পরিবর্তন বা পরিবর্ধন করা সম্ভব নয়।

১০.২ **NEC MONEY TRANSFER LIMITED** এর Remittance payment করার জন্য **T-24 Code " BDT14985"** Suspense A/C **NEC MONEY TRANSFER** সংক্রান্ত Sub-head এ **Posting** দিতে হবে। **LIGACY** সফটওয়্যার এও প্রতিটি শাখায় ইতোপূর্বে খোলা Suspense A/C **NEC MONEY TRANSFER** হিসাব ব্যবহার করতে হবে। এই Suspense A/C **NEC MONEY TRANSFER** হিসাব ডেবিট করে রেমিটেন্সের অর্থ পরিশোধ করতে হবে। অতঃপর নিয়ন্ত্রনকারী শাখা থেকে সিআইবিটিসিএ প্রাপ্তির পর সৃষ্ট এন্ট্রি সমন্বয় করতে হবে।

১০.৩ কোন কারণে সিআইবিটিসিএ না পেলে নিয়ন্ত্রণকারী শাখার সাথে দ্রুত যোগাযোগ করতঃ এ্যাডভাইস ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে। এবং যথাশীঘ্র সম্ভব Suspense খাত সমন্বয় করবে।

১০.৪ **NEC MONEY TRANSFER LIMITED** এর রেমিটেন্সের অর্থ পরিশোধকারী শাখা যদি কোন কারণে রেমিটেন্সের অর্থ পরিশোধে কারিগরি (Technical) সমস্যার সম্মুখীন হয় তা হলে বিভাগীয়/এরিয়া অফিসে কর্মরত আইটি সাপোর্ট সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে অতি দ্রুততার সাথে তা সমাধান করতে হবে।

১০.৫। কম্পিউটারের কোন সমস্যা হলে স্ব স্ব ডিভিশনাল/এরিয়া অফিসের আইটি সাপোর্ট সেল এবং তথ্য প্রযুক্তি সিস্টেম ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এর সঙ্গে যোগাযোগ করতে হবে। সপ্তাহে একবার অবশ্যই system এ log in করতে হবে।

১০.৬। **ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত User id ও Password দিয়ে কম্পিউটারে Login করার পরই প্রত্যেক User কে অবশ্যই Default Password Change করে নতুন Password সেট করতে হবে।**

১০.৭। **ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত User-ID ও Password অন্য শাখায় ব্যবহার করতে পারবেন না।** যদি কোন কর্মকর্তা এক শাখা হতে প্রাপ্ত **User-ID ও Password** অন্য শাখায় ব্যবহার করেন তাহলে এতদ্‌সংক্রান্ত সমন্বয়ের ক্ষেত্রে যে জটিলতার সৃষ্টি হবে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী হবেন।

১০.৮। NEC MONEY TRANSFER LIMITED সহ সকল প্রকার **Web-based** এবং **EFT Payment সংক্রান্ত** যাবতীয় কাগজপত্র ন্যুনতম ১২ বছর সংরক্ষন করতে হবে।

১১। **শাখা ব্যবস্থাপকের করনীয়** ঃ-

১১.১। শাখা ব্যবস্থাপক মনিটরিং এবং সুপারভিশন করার জন্য সকল Web based spotcash সম্পর্কে নিজে শিখবেন এবং ৩য় একজন কর্মকর্তাকে তৈরী করবেন যাতে শাখার ফরেণ রেমিটেন্স কার্যক্রমে কোন ব্যাঘাত না ঘটে।

১১.২। শাখা ব্যবস্থাপক **NEC MONEY TRANSFER LIMITED** হতে প্রাপ্ত ভাউচারে **Paid Date, Paying Branch** এবং **Report** দেখে পেমেন্ট সম্পর্কে নিশ্চিত হয়ে এবং বেনিফিশিয়ারী সম্পর্কে জেনে সংশ্লিষ্ট **সাসপেন্স ভাউচারে** স্বাক্ষর করবেন।

১১.৩। ফরেণ রেমিটেন্স পেমেন্টের কারণে দীর্ঘদিনের কোন সাসপেন্স হিসাব অসমন্বিত থাকলে system থেকে ঐ সব রেমিটেন্সের payout সঠিকভাবে করা হয়েছে কিনা/রিপোর্টে show করে কিনা পর্যবেক্ষন করে প্রয়োজনে কন্ট্রোলিং শাখার সাথে এবং ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট এ যোগাযোগ করে সমন্বয়ের ব্যবস্থা করবেন।

১১.৪। **NEC MONEY TRANSFER LIMITED** সহ সকল Web-based Payment এর Duplicate Voucher প্রিন্ট করে Payment দেয়ার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

চলমান পাতা-০৫

১২। **বিভাগীয়/এরিয়া অফিসের করনীয় ঃ-**

প্রতিটি বিভাগীয়/এরিয়া অফিস তাদের নিয়ন্ত্রণাধীণ শাখাসমুহের **NEC MONEY TRANSFER LIMITED** এর মাধ্যমে পরিশোধিত অর্থের একটি বিবরণী সংশিষ্ট ছকে পাক্ষিক ভিত্তিতে সংগ্রহ করবেন এবং তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমুহের এতদসংক্রান্ত বৈদেশিক রেমিটেন্স কার্যক্রম তদারকি করবেন। **''শাখার SRC ও Spot Cash এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বদলী হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রেমিটেন্স পরিশোধে পারদর্শী হওয়া ও ব্যবস্থাপকের সন্তুষ্টি সাপেক্ষে বদলীকৃত কর্মকর্তা অব্যাহতি পাবেন''**- এর বাস্তবায়নে সহায়তা করবেন।

সাধারন তথ্যাবলীঃ-

১। এ সিষ্টেম কেবলমাত্র বৈদেশিক টাকা রেমিটেন্স পরিশোধের এর জন্য প্রযোজ্য। অন্য কোন বৈদেশিক মুদ্রার রেমিটেন্স কিংবা স্থানীয় টাকা রেমিটেন্স (Inland Remittance) এ সিস্টেমের মাধ্যমে করা যাবে না।

২। রেমিটার/ উপকারভোগী কর্তৃক উথাপিত রেমিটেন্স সংক্রান্ত যে কোন ধরনের অনুসন্ধান, অভিযোগ এবং এডভাইস না পাওয়া ইত্যাদি বিষয়ে তাৎক্ষনিকভাবে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট এবং দিলকুশা কর্পোরেট শাখার ফরেণ রেমিটেন্স সেলে যোগাযোগ করার জন্য সংশিষ্ট শাখাকে নির্দেশ দেয়া যাচ্ছে। বেনিফিসিয়ারী/উপকারভোগী শাখায় উপস্থিত হলে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট এর সাথে যোগাযোগ না করে অথবা উপযুক্ত কারণ ব্যতিরেকে কোন অবস্থায় রেমিটেন্সের অর্থ প্রদান না করে তাকে ফিরিয়ে দেয়া যাবে না।

৩। উপরোক্ত সকল নির্দেশনা সমুহ যথাযথভাবে অনুসরণ, পুংখানুপুংখরুপে নিষ্ঠার সাথে পরিপালন করতে হবে। এতদ্বিষয়ে বিস্তারিত জানার জন্য ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর যোগাযোগ করা যেতে পারে।

৪। **NEC MONEY TRANSFER LIMITED** কর্তৃক ইস্যুকৃত Remittance Payment করার জন্য ছাপানো Receive Form জনতা ব্যাংক লিঃ কেন্দ্রীয় ষ্টেশনারী ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করতঃ ক্যাশ পেমেন্টের জন্য ব্যবহার করতে হবে। ছাপানো Form কেন্দ্রীয় ষ্টেশনারী ডিপার্টমেন্ট হতে সংগ্রহ না করা পর্যন্ত সার্কুলারের সাথে সংযুক্ত (সংযুক্তি-ক) ফর্মটি ফটো কপি করে ব্যবহার করা যাবে।

৫। এ কার্যক্রম ২৯/০৩/২০১৮ ইং তারিখ থেকে শুরু হবে। ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট হতে রেমিটেন্স পেমেন্ট শুরু করার জন্য প্রত্যেক শাখায় ই-মেইল পাঠানো হবে।
উপরোক্ত নিদের্শনার আলোকে সংশ্লিষ্ট সকলকে এতদ্বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ সামছুর রেজা)
উপ মহাব্যবস্থাপক

(মোঃ আব্দুল জব্বার)
জেনারেল ম্যানেজার

এনেক্সার-ক

Janata Bank Limited

NEC MONEY TRANSFER UK Spot Cash.

To Receive Money Form

নগদ টাকা গ্রহনে এই ফর্মটি পূরন করে বৈধ পরিচয়পত্র সহ উপস্থাপন করুন
To receive money complete the form with valid ID

প্রাপকের নাম ও ঠিকানা (Receiver's particulars):

নাম (Name):

ঠিকানা (Address):

টেলিফোন/ মোবাইল নং (Telephone/Mobile#):

আইডি টাইপ (ID TYPE):

আইডি নং (ID NO):

(প্রেরকের নাম ও ঠিকানা (Sender's Particulars):

নাম (Name):

ঠিকানা (Address):

দেশের নাম:

টেলিফোন / মোবাইল নং (Telephone/Mobile#):

প্রেরনকৃত রেমিটেন্সের বর্ননা (Description Remittance)

রেমিটেন্স ইস্যুর তারিখ(Remittance Date):

প্রেরিত অর্থের পরিমান (Remitted Money Amount):

টাকা (BDT): | | | | | | | | | . | |

গোপনীয় নম্বর (PIN/ Order Number):

রেমিটেন্সের ধরন (Purpose of Remittance):

তারিখ (Date):	প্রাপকের স্বাক্ষর (Receiver's Signature)
কর্মকর্তার স্বাক্ষর Signature of the Officer	ব্যবস্থাপকের স্বাক্ষর ও সীল Signature & Seal of Manager of the Branch